

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৩.২০১৭-২৮৭

তারিখঃ ২৪/৩/১৭ খ্রিঃ।

আদেশ

যেহেতু, জনাব মোঃ রেজাউল হক, ক্রেডিট সুপারভাইজার, শার্শা, যশোর এর বিরুদ্ধে নিয়মাচার ভঙ্গ করে প্রকল্পবিহীন ঋণ বিতরণ, ২ জন ঋণীর নিকট হতে ৩,৩৩৩/- টাকা সার্ভিস চার্জ কম আদায়, ১৪ জন ঋণীর মধ্যে বিতরণকৃত ৪,৯৪,০০০/-টাকার মধ্যে ৪,৩৭,৭৫৯/- টাকা খেলাপী থাকা, অফিস সহায়কের নিশ্চয়তায় ১ জন ঋণীর মধ্যে বিতরণকৃত ২৪,০০০/-টাকার মধ্যে ১৯,০০০/- টাকা খেলাপী থাকা এবং তার স্ত্রীর নামে নিজ নিশ্চয়তায় বিতরণকৃত ৭৫,০০০/-টাকার মধ্যে ৪১,৫১৯/- টাকা দীর্ঘদিন ধরে খেলাপী থাকার অভিযোগে অত্র দপ্তরের ২০-৮-২০১৭ খ্রিঃ তারিখে ১৪১ সংখ্যক স্মারকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক বিভাগীয় মামলা চালু করা হয়।

০২। যেহেতু, তিনি বিভাগীয় মামলায় লিখিতভাবে জবাব দাখিল করেন। তার আবেদনের প্রেক্ষিতে গত ০৮-১১-২০১৭ খ্রিঃ তারিখে তাকে ব্যক্তিগত শুনানী দেয়া হয়। শুনানীকালে তিনি লিখিত জবাবে প্রদত্ত বক্তব্যের পুনরাবৃত্তি করেন এবং বলেন লিখিত জবাব দাখিলের পরেও তিনি প্রচেষ্টা চালিয়ে আরও কিছু টাকা আদায় করেছেন। বর্তমানে ১৩ জন ঋণীর মধ্যে তিনজন ঋণীর কাছে ৫৮,৪৫০/- টাকা খেলাপী আছে। খেলাপীর বাকী সব টাকা আদায় করেছেন। তার বক্তব্যের সমর্থনে তিনি উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শার্শা, যশোর-এর স্বাক্ষরিত প্রত্যয়নপত্র উপস্থাপন করেন।

০৩। যেহেতু, নথিপত্র পর্যালোচনায় দেখা যায় অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে একই ধরনের অভিযোগে পূর্বে একটি বিভাগীয় মামলা হয়েছিল। উক্ত মামলায় তাকে অব্যাহতি দেয়া হয়েছিল। বর্তমান ক্ষেত্রে তাকে অব্যাহতি দেয়ার সুযোগ নেই। তবে তাকে সংশোধনের সুযোগ দেয়ার লক্ষ্যে লঘুদণ্ড আরোপের সিদ্ধান্ত নেয়া হলো।

০৪। এ ক্ষেত্রে সেহেতু, সার্বিক বিবেচনায়, অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ রেজাউল হক, ক্রেডিট সুপারভাইজার, শার্শা, যশোর-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো এবং একই বিধিমালার ৪(২)(বি) অনুসারে একটি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী এক বছরের জন্য অক্রমবধিষ্ণু হারে স্থগিতকরণ দণ্ডে দণ্ডিত করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন- ৯৫৫৯৩৮৯।

জনাব মোঃ রেজাউল হক
ক্রেডিট সুপারভাইজার
যুব উন্নয়ন অধিদপ্তর, শার্শা, যশোর।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৩.২০১৭-২৮৭

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো

- ০১। পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যশোর।
০৩। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে আদেশের কপিটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
০৪। সহকারী পরিচালক (প্রশাসন) যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, শার্শা, যশোর।
০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, শার্শা, যশোর। (সংশ্লিষ্ট কর্মচারীর শাস্তির বিষয়টি তার চাকুরি বহিঃ লালকালিতে লিপিবদ্ধ করার অনুরোধ করা হলো)।

তারিখঃ ২৪/৩/১৭ খ্রিঃ।

(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক(শৃংখলা)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।